“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২

ভালুকা , ময়মনসিংহ।

ISO 9001:2015 Certified

ওয়েব সাইট নং www.mymensinghpbs2.org.bd

ই-মেইল ঃ mymensinghpbs2@gmail.com

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৪৫.০১.০১৩.১৭- ৫৯১৮

তারিখঃ- ১২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

....

....

....

....

বিষয়ঃ- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে(আউট সোর্সিং)“নিরাপত্তা প্রহরী” নিয়োগের জন্য দরপত্র বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতাধীন জোনাল অফিস ও সাব-জোনাল অফিস-এর (পৌরসভা/ইউনিয়ন আওতাভূক্ত) জন্য আউট সোর্সিং এর মাধ্যমে চুক্তিভিত্তিতে ০৪(চার) জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। অগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১. নিরাপত্তা প্রহরীগণকে কমপক্ষে এসএসসি পাশ হতে হবে।

০২. নিরাপত্তা প্রহরীগণ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিয়ন্ত্রনাধীন থেকে (ইউনিফর্ম পরিহিত) পূর্ণ পোশাকে (দিনে ও রাতে) বছরে ৩৬৫ দিন নিরাপত্তার দায়িত্ব ও কর্তব্য পালন করতে হবে। নিয়োজিত কর্মচারীগণ কাজের স্বার্থে ছুটির দিনে বা অফিস সময়ের পরে দায়িত্ব পালনে বাধ্য থাকবেন। এক্ষেত্রে কোন অতিরিক্ত ভাতা প্রদান করা হবে না।

০৩. নিরাপত্তা প্রহরীগণকে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী এবং নিরাপত্তা বিষয়ে অভিজ্ঞ ও প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।

০৪. নিরাপত্তা প্রহরীগণের মধ্যে কেউ ছুটিতে গেলে, অসুস্থ হলে, দায়িত্ব পালনে অসমর্থ হলে এবং পরিবর্তনযোগ্য নিরাপত্তা কর্মীকে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজ দায়িত্বে যোগ্যতাসম্পন্ন নিরাপত্তা কর্মী প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কর্তব্যরত নিরাপত্তা প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিদর্শকগণ আকস্মিক পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করবেন।

০৫. নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণের বেতন, ভাতা, থাকা- খাওয়া, পোষাক, চিকিৎসা, যাতায়াত খরচ, পোষাক বেল্ট/ক্যাপ, নেম প্লেট, কোম্পানীর মনোগ্রাম, আইডি কার্ড, বাঁশি ইত্যাদি সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে। উক্ত বিষয়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কোন দায় থাকবেনা।

০৬. নিরাপত্তা প্রহরীদের হাজিরা কার্ড/রেজিষ্টারের রেকর্ড মোতাবেক পারিশ্রমিক/কভারেজ ডিউটির মাসিক মজুরী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। প্রয়োজনে ডিডি কমিশন চার্জ পরিশোধ সাপেক্ষে ডিডি দেয়া যেতে পারে।

০৭. নিয়োজিত জনবলের অদক্ষতা বা অবহেলার কারনে নিয়োগকারী প্রতিষ্ঠানের কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তাঁর দায়ভার বহন করতে হবে। সরবরাহকৃত জনবলের মধ্যে কারও কাজের মান সন্তোষজনক না হলে কারও বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে তা লিখিতভাবে অবহিত হওয়ার পর ৭২ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল প্রতিস্থাপন করতে হবে।

০৮. নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক অত্র পবিসের কাজের জন্য সরবরাহকৃত নিরাপত্তা কর্মীদের পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ কপি ছবিসহ জীবন বৃত্তান্ত ও জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। নিরাপত্তা কর্মীদের চারিত্রিক বিষয়ে প্রয়োজনীয় পুলিশি তদন্ত নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠান নিজ দায়িত্বের ০৩ (তিন) মাসের মধ্যে সম্পন্ন পূর্বক তাঁর মূল কপি অত্র প্রতিষ্ঠানে জমা প্রদান করতে হবে।

০৯. কৃতকার্য প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠান চুক্তি সম্পাদনের পূর্বে সরবরাহযোগ্য লোকবলের বিপরীতে ০১ (এক) মাসের বেতনের সম-পরিমান অর্থ নিরাপত্তা জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি/ পে-অর্ডার আকারে সিনিয়র জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বরাবরে জমা দিতে হবে। উক্ত জামানত সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে ফেরৎযোগ্য। তবে চুক্তির শর্ত ভঙ্গের ক্ষেত্রে উক্ত জামানত বাজেয়াপ্ত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক স্বচ্ছলতার সনদ, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদের (ইটিআইএন) সত্যায়িত কপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপ্রস্তাব সরাসরি বাতিল বলে গণ্য হবে

১১. নিয়মানুযায়ী মজুরী হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে

১২. জনবল সরবরাহের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের ক্ষেত্রে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন বিভাগে নিরাপত্তা প্রহরী পদে লোকবল সরবরাহের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। অভিজ্ঞতার প্রমানক হিসেবে বর্ণিত প্রতিষ্ঠানের কার্যাদেশের কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৩. নিরাপত্তা প্রহরীকে অত্র পবিস এর সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস, সাব জোনাল অফিস,এরিয়া অফিস, অভিযোগ কেন্দ্রে পোষ্টিং দেয়া যেতে পারে।

১৪. দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব অফিস, লোকবল ও লজিষ্টিক থাকতে হবে।

১৫. কোন ব্যক্তি বিশেষের সাথে নিয়োগকারী কর্তৃপক্ষের চুক্তি হবে না। জনবল সরবরাহকারী হিসেবে স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৬. দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নেই এমন সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উপরোক্ত শর্তসমূহ প্রতিপালন করে নিরাপত্তা প্রহরী সরবরাহে আগ্রহী হলে আর্থিক প্রস্তাবনাসহ অন্যান্য শর্তাবলী (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদন/ দরপ্রস্তাব আগামী ১৬/১১/২০১৭খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২ঃ০০ ঘটিকার মধ্যে ডাকযোগে বা হাতে হাতে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, ৯ম তলা, বাপবিবো, ঢাকা অথবা ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভালুকা সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিলের জন্য অনুরোধ করা হল। একই দিন বেলা ১২ঃ৩০ ঘটিকার সময় দরদাতাগণের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে দরপ্রস্তাব খোলা হবে। বিলম্বে প্রাপ্ত দরপ্রস্তাব সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(বিআরইবি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.............................. পবিস-১/২/৩/৪।
০৫॥ ডিজিএম(মাওনা/গফরগাঁও/শ্রীপুর/কারিগরী), ময়মনসিংহ পবিস-২।
০৬॥ এজিএম(অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), ময়মনসিংহ পবিস-২।
০৭॥ সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মপবিস-২ (ওয়েবসাইটে আপলোড করবেন)।
০৮॥ নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-২।
০৯॥ অফিস কপি/মাষ্টার কপি।

(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার